

“একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

ভূমি সংস্কার বোর্ড

শাখা-৪ (বাজেট)

১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।

www.lrb.gov.bd

স্মারক নং- ৩১.০২.০০০০.০১৪.০১.০২৬.১৭.৭৬

তারিখ : ১৮ মাঘ ১৪২৪
৩১ জানুয়ারি ২০১৮

বিষয় : ২০১৮-১৯ অর্থবছরের অতিরিক্ত বাজেট প্রাপ্তির তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ভূমি মন্ত্রণালয়ের ২৩ জানুয়ারি ২০১৮ তারিখের ৩১.০০.০০০০.০৩৮.২০.০১৯.১৭-১৬ নং স্মারকপত্র।

ভূমি সংক্রান্ত বিভিন্ন সেবাকে ডিজিটলাইজড করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের A2i প্রকল্প নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ভূমি সংশ্লিষ্ট সকল সেবা আধুনিকীকরণে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক Land Information Service Framework (LISF) নামে একটি ভূমি তথ্য ও সেবা কাঠামো <http://land.gov.bd> জারী করা হয়েছে যেখানে সকল ভূমি সেবা পর্যায়ক্রমে সন্নিবেশিত হবে।

২. ভূমি সংস্কার বোর্ড A2i প্রকল্পের সহযোগিতায় ইতোমধ্যে ১১৪টি উপজেলায় ই-মিউটেশন বাস্তবায়ন করেছে। এছাড়া ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এ পর্যন্ত ১ কোটি আর এস খতিয়ানের ডিজিটাইজেশন সম্পন্ন করেছে এবং অবশিষ্ট খতিয়ানসমূহ ডিজিটাইজেশনের কার্যক্রম চলমান আছে। আগামী জুন ২০১৮ এর মধ্যে দেশের সকল উপজেলায় ই-মিউটেশন কার্যক্রম বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং তদানুসারে যাবতীয় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

৩. এ প্রসঙ্গে উল্লেখ্য যে, বিগত ১৭/০১/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত BMC সভায় প্রদত্ত নির্দেশনা মোতাবেক মাঠ পর্যায় হতে সকল স্তরে ভূমি বিষয়ক সকল কার্যক্রম ডিজিটাল পদ্ধতির আওতায় আনয়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড পরিকল্পনা গ্রহণ করেছে (সংযুক্তি)। উক্ত পরিকল্পনা বাস্তবায়নের জন্য নিম্নলিখিত ‘ছক’ মোতাবেক বিভিন্ন কোডে অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

“ছক”


৪৬৩২-০০০১-জেলা কার্যালয়সমূহ		৪৬৩৩-০০০০-উপজেলা কার্যালয়সমূহ		৪৬৩৪-০০০০-ইউনিয়ন ভূমি অফিসসমূহ	
১	২	৩	৪	৫	৬
কোড	অতিরিক্ত বরাদ্দের চাহিদা	কোড	অতিরিক্ত বরাদ্দের চাহিদা	কোড	অতিরিক্ত বরাদ্দের চাহিদা
৬৮১৫- কম্পিউটার ও যন্ত্রাংশ	৭৬,৮০,০০০/-	৬৮১৫- কম্পিউটার ও যন্ত্রাংশ	৭,৬০,০০,০০০/-	৬৮১৫- কম্পিউটার ও যন্ত্রাংশ	৪৪,৯৫,৪০,০০০/-
৬৮২১- আসবাবপত্র	১৯,২০,০০০/-	৬৮২১- আসবাবপত্র	২,৫৩,৫০,০০০/-	৬৮২১- আসবাবপত্র	১৩,৮৩,২০,০০০/-
		৪৮৪০- প্রশিক্ষণ	৩,৭৭,২০,০০০/-		
মোট=	৯৬,০০,০০০/-		১৩,৯০,৭০,০০০/-		৫৮,৭৮,৬০,০০০/-
সর্বমোট =			৭৩,৬৫,৩০,০০০/-		(তিয়াত্তর কোটি পঁয়ষট্টি লক্ষ ত্রিশ হাজার) টাকা মাত্র

সংযুক্তি : বর্ণনামতে ০১ (এক) পাতা।

সচিব

ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃষ্টি আর্কষণ : সহকারী সচিব, বাজেট ও অডিট শাখা)।


(মোঃ মাহফুজুর রহমান)
চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড
ঢাকা

সকল স্তরে ভূমি বিষয়ক সকল কার্যক্রম ডিজিটাল পদ্ধতির আওতায় আনয়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড এর পরিকল্পনা

খাতের নাম	পরিকল্পনা	জেলা কার্যালয়ের বাজেট	উপজেলা কার্যালয়ের বাজেট	ইউনিয়ন কার্যালয়ের বাজেট
৬৮১৫- কম্পিউটার ও যন্ত্রাংশ	ডিজিটাল পদ্ধতির আওতায় সেবা সহজীকরণে দ্রুত গতির ব্রডব্যান্ড লাইনের কোন বিকল্প নেই। তৎপ্রেক্ষিতে জেলা উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসে LAN স্থাপনের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ নিশ্চিত করা অত্যন্ত জরুরী। LAN স্থাপন, ক্যাবল ও রাউটার ক্রয় বাবদ অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।	১২,৮০,০০০/- (২০,০০০x৬৪) ৬৪ টি জেলায় ২০,০০০/- টাকা হারে	২,৫৩,৫০,০০০/- (৫০,০০০x ৫০৭) ৫০৭টি উপজেলা/সার্কেলে ৫০,০০০/- টাকা হারে	১০,৩৭,৪০,০০০/- (৩০,০০০x ৩৪৫৮) ৩৪৫৮ টি ইউনিয়ন/সার্কেল ভূমি অফিসে ৩০,০০০/- টাকা হারে
	ল্যাপটপ, স্ক্যানার ও প্রিন্টার ক্রয় বাবদ অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। ১টি ল্যাপটপ ৫০,০০০/- ১টি স্ক্যানার ২০,০০০/- ১টি প্রিন্টার ২০,০০০/- টাকা ও আনুষঙ্গিক খরচসহ মোট ১,০০,০০০/- হিসেবে	৬৪,০০,০০০/- (১,০০,০০০ x ৬৪)	৫,০৭,০০,০০০/- (১,০০,০০০ x ৫০৭)	৩৪,৫৮,০০,০০০/- (১,০০,০০০x ৩৪৫৮)
	মোট	৭৬,৮০,০০০/-	৭,৬০,০০,০০০/-	৪৪,৯৫,৪০,০০০/-
৬৮২১- আসবাবপত্র	কম্পিউটার টেবিল, চেয়ার ও অন্যান্য আসবাবপত্র ক্রয় বাবদ অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।	১৯,২০,০০০/- (৩০,০০০ x ৬৪) ৬৪ টি জেলায় ৩০,০০০/- টাকা হারে	২,৫৩,৫০,০০০/- (৫০,০০০x ৫০৭) ৫০৭টি উপজেলা/সার্কেলে ৫০,০০০/- টাকা হারে	১৩,৮৩,২০,০০০/- (৪০,০০০ x ৩৪৫৮) ৩৪৫৮ টি ইউনিয়ন/সার্কেল ভূমি অফিসে ৪০,০০০/- টাকা হারে
৪৮৪০- প্রশিক্ষণ	ডিজিটাল পদ্ধতির আওতায় সেবা বৃদ্ধি করার পাশাপাশি কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিতে নিয়মিত প্রশিক্ষণ প্রদান অত্যন্ত জরুরী। প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্পের আর্থিক সহযোগিতায় ইতোমধ্যে ১১৩ টি উপজেলার ই-মিউটেশন সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের ৪ দিন ব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। আগামী জুন ২০১৮ সময়ের মধ্যে আরো ১৪৮টি উপজেলায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। অবশিষ্ট ২৪৬টি উপজেলায় এই কার্যক্রম সম্পন্ন করতে ৪১টি ব্যাচে প্রতিটি ব্যাচে ৩,২০,০০০/- টাকা করে ১,৩১,২০,০০০/- এবং ২৪৬ উপজেলায় ব্যবহারকারী প্রশিক্ষণের জন্য ১,০০,০০০/- টাকা হারে ২,৪৬,০০,০০০/- সহ মোট ৩,৭৭,২০,০০০/- টাকা প্রয়োজন।		প্রশিক্ষক প্রশিক্ষণ ও ব্যবহারকারী প্রশিক্ষণ ৩,৭৭,২০,০০০/-	

[Handwritten signature and date]
৩১/৩/১৮